



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম।



সিডিএ এভিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম।

www. bise-ctg.gov.bd

স্মারক নম্বর : চশিবো/বিদ্যা-জুনিয়র/চট্ট-মহা (পাঁচ)/৯৭/২০১৫/২১৬ (৭)

তারিখ : ২৬/০৫/২০২৪ খ্রিঃ

প্রেরক : বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম।

প্রাপক : অধ্যক্ষ

আল-হিদায়াহ ইন্টারন্যাশনাল স্কুল

রোড-০১, ব্লক-বি, প্লট-৭৪/বি, পাঁচলাইশ


চট্টগ্রাম

বিষয় : নিবন্ধন প্রদান।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, The Registration of Private Schools Ordinance 1962 (XX of Ordinance 1962) এর অধীনে সেকশন -৮ এর ক্ষমতাবলে বিদেশী কারিকুলাম-এ পরিচালিত বেসরকারী (ইংরেজি মাধ্যম) বিদ্যালয় নিবন্ধন বিধিমালা-২০১৭ এর বিধি-৪ (উপ-বিধি-২) মোতাবেক উল্লেখিত শর্তাবলী এবং সাময়িক নিবন্ধনের সময় কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত শর্তাবলী প্রতিপালিত হওয়ায় আল-হিদায়াহ ইন্টারন্যাশনাল স্কুল-কে ০১/০১/২০২৪ তারিখ হতে ৩১/১২/২০২৬ তারিখ পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য নিম্নোক্ত শর্তে নিবন্ধন প্রদান করা হল।

নিবন্ধন বিধিমালা-২০১৭ এর আলোকে অবশ্যই পালনীয় শর্তাবলী :


- ১। অনুমোদিত কমিটির মেয়াদের মধ্যে বিধিমালা ২০১৭ এর আলোকে পুনরায় কমিটি গঠনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ২। ম্যানেজিং কমিটিকে প্রবিধান ৮, ৯, ১০, ১১ ও ১৪ যথাযথ অনুসরণ করতে হবে।
- ৩। শিক্ষাক্রম, পাঠ্যপুস্তক ইত্যাদি
 - ক) শিক্ষা বোর্ড/সরকার কর্তৃক নির্ধারিত অথবা আন্তর্জাতিকভাবে স্বীকৃত শিক্ষাক্রম অনুসরণ করতে হবে।
 - খ) পাঠদানের উদ্দেশ্যে, এমন কোন পাঠ্যপুস্তক নির্ধারণ করা যাবে না- যা
 - * জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক অনুমোদিত বা আন্তর্জাতিকভাবে স্বীকৃত নয় ;
 - * বাংলাদেশের ইতিহাস ও সংস্কৃতির সহিত সামঞ্জস্যপূর্ণ নয় ; এবং
 - * মহান মুক্তিযুদ্ধ, স্বাধীনতা ও সার্বভৌমত্বের বিরোধী বলে প্রতীয়মান হয়।
- ৪। বিদ্যালয় ভবনে বিশুদ্ধ পানির ব্যবস্থা করতে হবে এবং ছাত্র-ছাত্রীদের জন্য পর্যাপ্ত সংখ্যক পৃথক পৃথক স্বাস্থ্যসম্মত টয়লেটের ব্যবস্থা করতে হবে।
- ৫। শিক্ষার গুণগতমান এবং অবকাঠামোগত সুযোগ-সুবিধা বিবেচনা করে ম্যানেজিং কমিটি ছাত্র-ছাত্রীদের জন্য টিউশন ফি নির্ধারণ করবে। বিদ্যালয়ের ভর্তির বিপরীতে, ভর্তির নবায়ণ বা পুনঃভর্তির নামে ছাত্র-ছাত্রীদের কাছ হতে অনুদান গ্রহণ করা যাবে না।
- ৬। বোর্ডের পূর্ব অনুমোদন ব্যতীত সংরক্ষিত তহবিলের অর্থ উত্তোলন করা যাবে না।


(ড. বিপ্লব গাঙ্গুলী)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

চট্টগ্রাম



অনুলিপি : সদয় অবগতির জন্য-

- ১। মাননীয় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৩। মহাপরিচালক, ব্যানবেইস, পলাশী, নীলক্ষেত, ঢাকা।
- ৪। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম।
- ৫। জেলা শিক্ষা অফিসার, চট্টগ্রাম।
- ৬। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব (চেয়ারম্যান মহোদয়ের অবগতির জন্য)
- ৭। অফিস কপি।